

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৪, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪শে মার্চ, ২০০৯/১০ই চৈত্র, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪শে মার্চ, ২০০৯(১০ই চৈত্র, ১৪১৫) তারিখে র‍্যষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০০৯ সনের ১৮ নং আইন

Bangladesh Flag Vessels (Protection) Ordinance, 1982 (Ordinance No. XIV of 1982) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যপূরণকল্পে Bangladesh Flag Vessels (Protection) Ordinance, 1982 (Ordinance No. XIV of 1982) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Bangladesh Flag Vessels (Protection) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) এই আইন ১২ জুলাই, ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২৪৭৯)

মূল্য ঃ টাকা ২.০০

২। Ordinance No. XIV of 1982 এর section 3 এর সংশোধন।— Bangladesh Flag Vessels (Protection) Ordinance, 1982 (Ordinance No. XIV of 1982) এর section 3 এর clause (c) এর পরিবর্তে নিম্নরূপ clause (c) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(c) any cargo in respect of which a general waiver is announced by the Prescribed Authority.”

৩। রহিতকরণ ও হেফাজত।—(১) Bangladesh Flag Vessels (Protection) (Amendment) Ordinance, 2007 এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত Ordinance এর অধীন কৃত কাজ-কর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আশফাক হামিদ
সচিব।